চুয়াডাঙ্গায় হাত ধোয়া প্রদর্শনী ও হ্যান্ডওয়াশ বিতরণ

“স্বাস্থ্য সুরক্ষার পরিষ্কার হাত সর্বদা গুরুত্বপূর্ণ ” প্রতিপাদ্য বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে মিম সমাজকল্যাণ সংস্থার পক্ষ থেকে হাত ধোয়া প্রদর্শনী ও হ্যান্ড ওয়াশ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার হোগলডাঙ্গা হাফেজিয়া কাওমি মাদ্রাসা ও লিল্লাহি বোডিং এর ছাত্রদের নিয়ে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে হাত ধোয়ার সঠিক নিয়ম প্রদর্শনী ও হ্যান্ড ওয়াশ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

উল্লেখ মিম সমাজকল্যাণ সংস্থা একটি সেচ্ছাসেবীমূলক সেবাধর্মী সংগঠন। বিভিন্ন সময়ে সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে থেকে কাজ করে আসছে। মিম সমাজকল্যাণ সংস্থার প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক সাবরিনা ইয়াসমিন মিমের নেতৃত্ব চুয়াডাঙ্গায় ইতিমধ্যে বৃক্ষরোপণ কর্মসূচি, গরীব ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সেবাদান, রক্তদান কর্মসূচি সহ বিভিন্ন সমাজকল্যাণ মূলক কাজ করে যাচ্ছে সংগঠনটি।

বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে হাত ধোয়া প্রদর্শনী ও হ্যান্ডওয়াশ বিতরণ কার্যক্রম উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি সাকিব বিশ্বাস, সংগঠনের সেচ্ছাসেবক ফিরোজ হোসেন, অন্তর রহমান, সাদ হাকিম, মামুন আর রশিদ, মইন আশরাফ সহ সেচ্ছাসেবকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

“স্বাস্থ্য সুরক্ষায় পরিষ্কার হাত সর্বদা গুরুত্বপূর্ন” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়েছে।

আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) সকালে জেলা প্রশাসন ও জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে এই হাত ধোয়া দিবস পালিত হয়।

প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়ালের নেতৃত্বে জেলা প্রশাসকের কার্যলয়ের সামনে থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি একই স্থানে এসে শেষ হয়।

এরপর শহরের চাকলা পাড়ায় অবস্থিত ঝিনাইদহ বাক ও শ্রবন প্রতিবন্ধী আবাসিক বিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্টিত হয়।
আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এ.বি.এম.খালিদ হোসেন সিদ্দিকী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোঃ আকমল হোসেন, ঝিনাইদহ জেলা সমাজ সেবা কার্যলয়ের সহকারী পরিচালক মোঃ মমিনুর রহমান, ঝিনাইদহ সদর উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী মীর আল আমীন, ঝিনাইদহ বাক ও শ্রবন প্রতিবন্ধী আবাসিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মাসুদুর রহমান।

এছাড়া আরো উপস্থিত ছিলেন জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর উপ-সহকারী প্রকৌশলী মোঃ সাইফুল ইসলামসহ ঝিনাইদহ বাক ও শ্রবন প্রতিবন্ধী আবাসিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

মেহেরপুরে বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন

“স্বাস্থ্য সুরক্ষায় পরিষ্কার হাত সর্বদা গুরুত্বপূর্ণ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব হাত ধোয়া দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, হাত ধোয়া প্রদর্শন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক ও জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যৌথ উদ্যোগে আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একইস্থানে এসে শেষ হয়।

র্যালি শেষে জনসাধারণ ও পথচারীদের হাত ধোয়াতে উদ্বুদ্ধ করতে হাত ধোয়ার কৌশল প্রদর্শন করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-পরিচালক মোসলেহ উদ্দিনের সভাপতিত্বে আলোচনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এ ছাড়াও এসময় পুলিশ পরিদর্শক আবুল আমিল, প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, পৌর ভূমি অফিসার গাজী মহিউদ্দিন, জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেহ উদ্দিন, সহকারী প্রকৌশলী মোঃ মাহফুজুর রহমান, উপ সহকারী প্রকৌশলী ওয়াহেদ হাসান প্রমূখ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

আলমডাঙ্গায় বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়েছে। আজ সকাল ১১টায় আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যৌথ উদ্যোগে উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে এসে শেষ হয়।

র্যালী শেষে এ সময় দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে অনুষ্ঠানে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী আব্দুর রশিদ নিজে হাত ধুয়ে বিদ্যালয়ের শিক্ষার্থীদের সঠিকভাবে হাত ধোয়ার নিয়ম সম্পর্কে অবহিত করেন।

পরে সংক্ষিপ্ত আলোচনা সভায় উপজেলা নিবার্হী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন সমাজসেবা অফিসার নাজমুল হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোনায়েম হোসেন,প্রভাসক ড,মাহবুবুর রহমান, উপজেলা প্রকৌশলী আরিফুউদ্দৌলা,সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল হক খান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, জনস্বাস্থ্য সহকারি প্রকৌশলী আব্দুর রশিদ,আবাসিক প্রকৌশলী মুন্সি জহুরুল হক,উপ-সহকারি প্রকৌশলী রোকুনুজ্জামান, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, আনসার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, ইন্সট্রাক্টর জামাল উদ্দিন,বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন,আব্দুল মান্নান, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারিস উদ্দিন, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক হাসিনুর রহমান, হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর অধ্যক্ষ শামীমা নাসরিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম প্রমুখ। সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন

“আপনার নাগালেই পরিচ্ছন্ন হাত” এই প্রতিপাদ্যে মুজিবনগরে র্যালী,হাত ধোয়া প্রদর্শনী ও আলোচনা সভার মধ্য দিয়ে বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন করা হয়েছে।

আজ রবিবার সকালে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য রেলি বের করা হয় র্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে স্থাপিত ওয়াশ বেসিনে হাত ধোয়ার মধ্য দিয়ে ধোয়া প্রদর্শনী অনুষ্ঠিত হয়। পরে সেখানে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা:তৌফিক আহমেদ, উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান,গুডনেইবারর্স এর আবাসিক মেডিকেল অফিসার ডা: শুভকুমার।

এ সময় উপজেলা পরিষদ ও গুডনেইবারর্স এর কর্মকর্তা কর্মচারী এবং বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা উপস্হিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

“বর্জ্যের পরিশোধন নিশ্চিত হবে টেকসই স্যানিটেশন”হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক হই”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর আয়োজনে, পালিত হয়েছে “জাতীয় স্যানিটেশন মাস “বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২।

দিবসটি উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ প্রাঙ্গন থেকে একটি র্যালী বের হয়ে বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় গিয়ে শেষ হয়।

র্যালীতে অংশগ্রহণ করেন, উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্সসহ উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এবং মুজিবনগর মডেল প্রাথমিক বিদ্যালয় শিক্ষার্থীবৃন্দ। সেখানে সঠিক পদ্ধতিতে হাত হাত ধৌত করার মাধ্যমে দিবসটির উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস ও উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

পরে উপজেলা পরিষদ অডিটোরিয়াম “জাতীয় স্যানিটেশন মাস “বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ উপলক্ষর উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।